

জন অংশগ্রহণ



স্বচ্ছতা ও জৰাবদীহিতা



বর্ধিতদের অধিকার



জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রাতিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে সচেতনতা বৃদ্ধিতে ভোলায় র্যালী ও আলোজনা সভা অনুষ্ঠিত

“তথ্য আমার অধিকার, জানা আছে কি সবার। তথ্য আমার অধিকার, জানতে হবে সবার” এ শ্লোগানে ভোলায় পালিত হয়েছে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২১। জেলা প্রশাসনের আয়োজনে এবং কোস্ট ফাউন্ডেশন ও জেলা নাগরিক ফোরামের সহযোগিতায় দিবসটি পালনের লক্ষ্যে আজ মঙ্গলবার সকাল ১০.৩০ টায় জেলা প্রশাসকের কার্যালয়ের



আলহাজ নুরুল্লাহী চৌধুরী শাওন এমপি (ভোলা-৩) মহোদয়ের নেতৃত্বে লালমোহন উপজেলায় র্যালী। ছবি: সেলিম মির্যা-পিণ্ড

সামনে থেকে একটি র্যালী বের হয়। র্যালিটি পৌরশহর প্রদর্শন শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। পরে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা প্রশাসকের পক্ষে আলোচনা সভা (ভার্চুয়াল) অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজ্য) জনাব মামুন আল ফারুক মহোদয়



তথ্য অধিকার দিবসে মেলার স্টল পরিদর্শন করছেন মাননীয় জেলা প্রশাসক মহোদয়, ভোলা। ছবি: রাজিব ঘোষ-পিণ্ড

এর সভাপতিত্বে সভায় প্রধান অতিরিখ হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মহোদয় জনাব মোঃ তোফিক-ই-লাহী চৌধুরী। তথ্য জনাব অধিকারের বিষয়ে সচেতনতা বাঢ়াতে দিবসটি পালন করা হয়।

তথ্যের অবাধ প্রবাহকে আরো বিস্তৃত করতে হবে। তথ্য প্রকাশ ও প্রচারের ব্যবস্থা আরো সহজত করতে হবে। যেসব অফিসে তথ্য কর্মকর্তা নেই তারা যেন অন্য কর্মকর্তাকে দায়িত্ব অর্পণ করেন এবং তথ্য কর্মকর্তা নিয়োগের উদ্যোগ গ্রহণে মাননীয় জেলা প্রশাসক মহোদয় সকলের প্রাতি আহবান জানান। পাশাপাশি তথ্য প্রদানের ক্ষেত্রে সর্বাঙ্গ সকল অধিদপ্তরের সহযোগিতা কামনা করেন।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২১ উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে কোস্ট ফাউন্ডেশন কর্তৃক একটি স্টল স্থাপন করা হয়। যেখানে সাধারণ মানুষ তথ্য অধিকার সম্পর্কে জানতে পারেন; কিভাবে তথ্য পাওয়া যাবে, কিভাবে ফরম পূরণ করতে হবে এবং কার কাছে পাঠাতে হবে। জেলা প্রশাসনের পক্ষ থেকে স্টলটি পরিদর্শন করে কোস্ট ফাউন্ডেশনকে ধন্যবাদ জানান।

অগ্রগতি পর্যালোচনা, প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতকরণ ও উভরণে করণীয় বিষয়ে প্রকল্পের বার্ষিক সভা অনুষ্ঠিত

কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্পের আয়োজনে আজ ২৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ কোস্ট ভোলা সেন্টার সম্মেলন কক্ষে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের (ইউনিয়ন পরিমদ ও পৌরসভা) সম্মানিত চেয়ারম্যান, মেয়র



প্রধান অতিরিখ বক্তব্যে মাননীয় উপ-পরিচালক জনাব রাজিব আহমেদ (স্থানীয় সরকার শাখা, ভোলা)। ছবি: সেলিম মির্যা-পিণ্ড

ও সচিবদের সাথে প্রকল্প কর্মীদের “অগ্রগতি পর্যালোচনা, প্রতিবন্ধকতা সমূহ চিহ্নিতকরণ ও উভরণে করণীয়” বার্ষিক সভা ২০২১ অনুষ্ঠিত হয়েছে। জেলা নাগরিক ফোরামের সভাপতি জনাব মোঃ নুরুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিরিখ হিসেবে উপস্থিত ছিলেন জনাব রাজিব আহমেদ, উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ভোলা। বিশেষ অতিরিখ হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুসরাত ফাতেমা চৌধুরী, সহকারী পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ভোলা।

বাংসরিক কর আদায়ের পরিমাণ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ ও হত-দরিদ্রদের জন্য দৃশ্যমান উন্নয়ন প্রকল্প গ্রহণ করা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটগুলোর তথ্য আপডেট করা ও তথ্য সমৃদ্ধ করা, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন প্রক্রিয়ায় নারী সদস্যগণের কার্যকর অংশগ্রহণ বৃদ্ধি করা, নোটিশ বোর্ড নিয়মিত হালনাগাদ করা ও সকল তথ্য জনগণের জন্য

উন্মুক্ত করা, জনসাধারণের যে কোন অভিযোগের জন্য অভিযোগ বক্স স্থাপন করা এবং প্রকল্পের কাজের অগ্রগতি, প্রতিবন্ধকতা ও আগামী বছরের কাজের পরিকল্পনা নিয়ে আলোচনা ও বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

ভেদুরিয়া ইউনিয়ন পরিষদের নিজস্ব উদ্যোগে বাস্তৱিক কর পরিষদে জনগণের প্রতি আহ্বান

সিইপিআই প্রকল্পের করিগরি সহযোগিতায় “কর পরিশোধ করা আমাদের নাগরিক কর্তব্য। নিয়মিত কর পরিশোধ করুন, স্থানীয় উন্নয়নে অংশীদার হোন। কর দিন, উন্নয়ন প্রতিক্রিয়ায় স্থানীয় সরকারকে সহযোগিতা করুন।



ভেদুরিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে বাস্তৱিক কর পরিশোধে উন্মুক্তকরন রয়লি। ছবি: সোহাগ হোসেন-পিএফ

নিজে কর দিন, অন্যকে কর দিতে উৎসাহিত করুন” প্রতিপাদ্যে ভেদুরিয়া ইউনিয়ন পরিষদে কর আদায়ে উন্মুক্তকরণ রয়লি, মাইক্রো ও লিফলেট বিতরণ এবং আলোচনা সভার মাধ্যমে জনগণকে সচেতন করা হয়।

ভেদুরিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বলেন, কোনোপ প্রত্যক্ষ সুবিধা প্রত্যাশা বাতিরেকে সরকারি ব্যয় নির্বাহের স্বার্থে আমাদের সরকারকে বাধ্যতামূলকভাবে কর প্রদান করা উচিত। জনগণের এই সচেতনতায় এবং পরিষদের প্রচেষ্টায় ভাবিষ্যতে আমাদের ইউনিয়নের আরো বেশ উন্নয়ন হবে আমাদের বিশ্বাস।

উপকারভোগী বাছাই ও নির্বাচিত তালিকা সংক্রান্ত সকল তথ্য সবার জন্য উন্মুক্ত করনে নাগরিক সংলাপ অনুষ্ঠিত

ভোলা সদর উপজেলা নাগরিক ফোরামের উদ্যোগে কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প ও মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় ২৭ সেপ্টেম্বর ২০২১ সকাল ১১.০০ টায় উপজেলা পরিষদ হল রুমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নে নাগরিক সংলাপ অনুষ্ঠিত হয়। ভোলা সদর উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ মিজানুর রহমান



সামাজিক নিরাপত্তা সেবার মান উন্নয়নে সুপারিশসমূহ উপস্থাপন করছেন নাগরিক ফোরামের সদস্য। ছবি: সেলিম মিয়া-পিও

এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মোশারেফ হোসেন। উন্নত সংলাপে উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আলহাজ্ব মোঃ ইউনুচ, উপজেলার সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাগণ, উপজেলা ও ইউনিয়ন নাগরিক ফোরামের সদস্যগণ এবং গণমাধ্যম কর্মীগণ অংশগ্রহণ করেন।

উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর উপস্থিতিতে ও সকলের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত শুরুত্পূর্ণ সিদ্ধান্তগুলো গৃহীত হয়। জেলেদের নিরাপত্তার জন্য লাইফ জ্যাকেট প্রদান করা শুরু হয়েছে এবং ক্রমাব্যয়ে সকলেই এই সুবিধার আওতায় আসবে। উপকারভোগীদের ভাতার তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে রাখার জন্য বলা হয়েছে এবং বাস্তবায়িত হচ্ছে। যাচাই-বাচাই কর্মটিকে শক্তিশালী করনে নিয়মিত সভা করা হবে। কোস্ট ফাউন্ডেশনের কাজে আমরা অত্যন্ত আনন্দিত এবং ভবিষ্যতে এই ধরনের কাজে আমাদের সহযোগিতা অব্যহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

সেবার মান উন্নয়নে করণীয় বিষয়ে জেলা নাগরিক ফোরামের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

জেলা নাগরিক ফোরামের আয়োজনে ও কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্পের সহযোগিতায় আজ ২৯ সেপ্টেম্বর ২০২১ সকাল ১১টায় মুসলিম ইনসিটিউট পার্শ্বিক লাইব্রেরী’র হল রুমে জেলা নাগরিক ফোরামের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি বলেন, ইউনিয়ন পরিষদ শক্তিশালী করনে জনগণ এবং ইউপ সদস্যদের অব্যহতিকরনের মাধ্যমে হত-দীর্ঘদের তালিকা করা হলে কার্যক্রম শক্তিশালী হবে। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে মাঠ পর্যায়ে বাজেট



মূল প্রবন্ধ উপস্থাপন করছেন মোঃ মনিরuzzaman। ছবি: সোহাগ

বরাদ্দ কর্ম তাই ইউপ সদস্যদের প্রকল্প কর্মীকে কাজ করার ক্ষেত্রে সহায়তা করা উচিত। সামাজিক নিরাপত্তা সেবার মান উন্নয়নে জেলা পর্যায়ে নাগরিক সংলাপ ও ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা জনসম্মুখে প্রকাশ করার বিষয়ে জেলা নাগরিক ফোরামের সদস্যগণ সুপারিশ ও মতামত প্রদান করেন।

প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন: লক্ষ্য ও অর্জন- সেপ্টেম্বর ২০২১

ক্রম	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	ট্যাক্স সংগ্রহে রয়লি, আলোচনা সভা, মাইক্রো ও লিফলেট বিতরণ	১১	১০
২	ইউনিয়ন নাগরিক ফোরামের সভা	০৫	০৫
৩	দ্বিমাসিক উন্নয়ন সমন্বয় কর্মসূচির সভা	০৮	০৭
৪	ইউনিয়ন পর্যায়ে নাগরিক সংলাপ	১৫	১৪
৫	উপজেলা পর্যায়ে নাগরিক সংলাপ	০৩	০৩

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকর্মী সহযোগিতা করেছেন।

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য:

মোবাইল: +৮৮০ ১৭০৮ ১২০৪ ১৪

ইমেইল: monir1992.coast@gmail.com

কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত। কোস্ট ওয়েবসাইট : www.coastbd.net